



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



উপবৃত্তির আবেদন এন্ট্রির বিজ্ঞপ্তি


বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি এবং অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহ্বান, তথ্য এন্ট্রির সময়সূচি ও নির্দেশনা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উচ্চ মাধ্যমিক এবং সমপর্যায়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত ও অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে HSP-MIS সফটওয়্যারে আবেদন এন্ট্রির জন্য আহ্বান করা যাচ্ছে:

- ১। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বাছাইকৃত/যোগ্য শিক্ষার্থীদের তথ্য HSP-MIS সফটওয়্যারে অনলাইনে এন্ট্রি শুরু করার তারিখ ও সময়: ২১ নভেম্বর ২০২৩ খ্রি. সকাল ০৯.০০ টা।
- ২। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারে এন্ট্রিকৃত তথ্য সংশ্লিষ্ট USEO/TSEO এর নিকট অনলাইনে প্রেরণের সর্বশেষ তারিখ: ১২ ডিসেম্বর ২০২৩ খ্রি. রাত ১২.০০ টা।
- ৩। USEO/TSEO এর নিকট প্রেরিত তালিকা বিবেচনার জন্য গঠিত উপজেলা/মেট্রো এলাকার কমিটির সুপারিশের ভিত্তিতে যোগ্য শিক্ষার্থীদের তালিকা অনলাইনে HSP/PMEAT-তে প্রেরণের সর্বশেষ তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রি. রাত ১২.০০ টা।
- ৪। বর্ণিত নির্ধারিত সময়ের পরে কোন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি বা শিক্ষা প্রতিষ্ঠান হতে USEO/TSEO অথবা HSP/PMEAT-তে প্রেরণ করা যাবে না।
- ৫। বর্ণিত নির্ধারিত সময়সীমা পরবর্তীতে বর্ধিত করা হবে না।

উপবৃত্তির জন্য আবেদন এন্ট্রি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট www.pmeat.gov.bd এবং HSP-MIS সফটওয়্যারের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

- উপবৃত্তি সংক্রান্ত হেল্পলাইন: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯ (অফিস চলাকালীন সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত)।


মোহাম্মদ আসাদুল হক
ফ্রিম পরিচালক (যুগ্মসচিব)